

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
চিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫।

পত্র সংখ্যা : বিইআরসি/জনসংযোগ/প্রশা:১১২/৩০৫৪


তারিখ : ২৭ আগস্ট ২০১৫

প্রেস রিলিজ

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) বিদ্যুতের পাইকারি (বাক্স) মূল্যহার ১৮.১২% এবং পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি) বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হাইলিং চার্জ) ৭০.৭৭% বৃদ্ধির জন্য যথাক্রমে ০২ অক্টোবর ২০১৪ ও ২৮ আগস্ট ২০১৪ তারিখে কমিশনে আবেদন করে। বিউবো কর্তৃক বিদ্যুতের পাইকারি (বাক্স) মূল্যহার ও পিজিসিবি কর্তৃক বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হাইলিং চার্জ) বর্ণিত হারে বৃদ্ধির আবেদনের পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী হিসেবে বিউবো ১২ নভেম্বর ২০১৪, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) ০৯ নভেম্বর ২০১৪, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি) ১০ ডিসেম্বর ২০১৪, ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) ২২ অক্টোবর ২০১৪ এবং ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো) ০৩ নভেম্বর ২০১৪ তারিখে বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের জন্য কমিশনে আবেদন করে। আবেদনে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ বিদ্যুৎ ত্রয় ব্যয়-হাইলিং চার্জসহ এবং বিতরণ ব্যয় (পরিচালন ব্যয়) সমন্বয়ের জন্য যথাক্রমে ২২.০০%, ২৫.৮৯%, ১৭.৮৫%, ১৭.৮৫% এবং ২১.৩১% হারে খুচরা বিদ্যুৎ মূল্যহার বৃদ্ধির প্রস্তাব করে।

কমিশন বিদ্যুৎ সংস্থা ও কোম্পানীসমূহের আবেদন পরীক্ষা নিরীক্ষাত্তে ২০, ২১, ২২, ও ২৫ জানুয়ারি ২০১৫ তারিখে কমিশনে গণশুনানি গ্রহণ করে। শুনানি পরবর্তী Stakeholder দের মতামত এবং গণশুনানিতে উঠে আসা প্রাসঙ্গিক বিষয়ে অতিরিক্ত তথ্য ও মতামত প্রাপ্তিতে এবং প্রাপ্ত মতামত ও তথ্য পর্যালোচনায় দীর্ঘ সময় প্রয়োজন হয়। মূল্যহার পরিবর্তনের ক্ষেত্রে সকল শ্রেণির ভোকার স্বার্থ, বিভিন্ন প্রতিষ্ঠানের উপর আর্থিক প্রভাব, পাইকারি (বাক্স) পর্যায়ে বিউবো-কে সরকার কর্তৃক আর্থিক সহায়তা প্রদান, গরীব ও নিম্নবিভিন্নসহ সকল গ্রাহকের ওপর আর্থিক চাপ সৃষ্টি না হওয়া, সারাদেশে বিদ্যুতের অভিন্ন মূল্যহার এবং সর্বোপরি দেশের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় রেখে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বিদ্যুতের পাইকারি (বাক্স) মূল্যহার ভারিত গড়ে ০.২৩ টাকা/কি.ও.ঘ., বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হাইলিং চার্জ) ভারিত গড়ে ০.০৫ টাকা/কি.ও.ঘ., এবং বিদ্যুতের পাইকারি (বাক্স) মূল্যহার ও সঞ্চালন মূল্যহার (হাইলিং চার্জ) বর্ণিত হারে পরিবর্তনের পরিপ্রেক্ষিতে সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী/পবিস এর বিদ্যুতের খুচরা মূল্যহার ভারিত গড়ে ০.১৮ টাকা/কি.ও.ঘ. (২.৯৩%) বৃদ্ধি করা হয়েছে যা বিল মাস সেপ্টেম্বর ২০১৫ থেকে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে কার্যকর হবে। মূল্যহার সংক্রান্ত গণবিজ্ঞপ্তি সংযুক্ত করা হলো। বিশেষভাবে উল্লেখ্য যে, লাইফ-লাইন (১-৫০ ইউনিট) গ্রাহকের বিদ্যুতের খুচরা মূল্যহার অপরিবর্তিত রাখা হয়েছে।

কমিশনের আদেশক্রমে,

  
২৭/৮/১৫

মোঃ হাবিবুর রহমান

সচিব

ফোনঃ ৯১৪ ০১২৫